

## সোনার হরিণ

- সৌম্যদীপ চক্রবর্তী

বয়ে যাওয়া শরৎকালীন আবহ  
নিয়ে আসে তার বার্তা ।  
প্রবাহে থাকে তার কোমল পরশ  
যা করে আমায় স্নিগ্ধ  
হই আমি স্বচ্ছ ।  
তারই প্রতিচ্ছবি উঁকি মারে  
মেঘের আড়ালে  
বলে যায় মধুর বাণী ।  
বলছি আমি যার কথা  
ছুটে বেড়াচ্ছে সে ।  
ভয়ভীতি কে করেছে সে জয়  
হয়েছে সে আমার হৃদয়ের মধ্যমনি ।  
মেলেছে সে যে নিজের পাখনা  
নামটি তাহার সোনার হরিণ ।।

